

নিয়ম লঙ্ঘনের অভিযোগ অঙ্গীকার করলেন ভিপি প্রার্থী আবিদ

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ০৯ সেপ্টেম্বর ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রে ডাকসু নির্বাচনের ভোটকেন্দ্রে
প্রবেশ করে নিয়ম ভাঙার অভিযোগ উঠেছে ছাত্রদল সমর্থিত ভিপি প্রার্থী
আবিদুল ইসলাম খানের বিরুদ্ধে। তবে তিনি অভিযোগটিকে ভিত্তিহীন ও
উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন।

মঙ্গলবার সকাল সাড়ে ৮টার দিকে শারীরিক শিক্ষা কেন্দ্রে জগন্নাথ হলের
শিক্ষার্থীরা যে অংশে ভোট দেন, সেখানে তোকেন আবিদ। এ ঘটনায় নিয়ম
লঙ্ঘনের অভিযোগ ওঠে এবং সংবাদ মাধ্যমে খবর প্রকাশিত হয়।

পরে সকাল সাড়ে ১০টার দিকে টিএসসি ভোটকেন্দ্র পরিদর্শনের সময়
সাংবাদিকরা এ বিষয়ে প্রশ্ন করলে আবিদ বলেন, “খবরটি আমার

লোকজন আমাকে দেখিয়েছে। এটা উদ্দেশ্যপ্রণোদিত এবং ভিত্তিইন।
কেন্দ্রের দায়িত্বরত কর্মকর্তা নিজেই আমাকে ভেতরে নিয়ে গেছেন এবং
স্বচ্ছ ব্যালট বাস্তু দেখিয়েছেন। এটা নির্বাচনের একটি স্বাভাবিক প্রক্রিয়া।”

তিনি আরও বলেন, “আচরণবিধি লঙ্ঘনের যে অভিযোগ করা হচ্ছে, তা
পরিকল্পিত। অভিযোগ করলে অনেক অভিযোগ করা যায়। আজকে
কোনো অভিযোগ নয়।”